গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
প্লট- ৫/ এ, সেক্টর- ৮, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।
www.bpi.gov.bd

**অক্টোবর/২০২৩ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | খেনচান<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | **২০ নভেম্বর, ২০২৩** |
| সভার সময় | **সকাল ১১:০০ ঘটিকা** |
| স্থান | বিপিআই সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সংযুক্তি 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ**<br>সভার প্রারম্ভে গত সেপ্টেম্বর, ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা জানতে চাওয়া হলে কোনো সংশোধনীর প্রয়োজন না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কোনো সংশোধনী না থাকায় বিগত মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উপ-পরিচালক (প্রশাসন শাখা)<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা) |
| ২। | **বিপিআই- এর বিভিন্ন মাসিক বিল প্রদানঃ**<br>সভায় অক্টোবর, ২০২৩ মাসের বিদ্যুৎ, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিল যথাসময়ে পরিশোধ করা হয়েছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, নির্ধারিত সময়ের মধ্যে বিলসমূহ পরিশোধ করা হয়েছে। | নভেম্বর, ২০২৩ মাসের বিদ্যুৎ, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিলসমূহ যথাসময়ে পরিশোধ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উপ-পরিচালক (বাজেট ও হিসাব শাখা)<br>৩। সহকারী পরিচালক (হিসাব শাখা) |
| ৩। | **প্রশাসন শাখার মাসিক ও পাক্ষিক প্রতিবেদন প্রেরণঃ**<br>সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে চাহিত তথ্যাদি ও প্রশাসনিক বিবিধ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে জানতে চাওয়া হয়। সংশ্লিষ্ট বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন শাখা) সভাকে জানান যে, অক্টোবর, ২০২৩ মাসের মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হয়েছে এবং প্রাপ্ত সকল চিঠি নিষ্পত্তি করা হয়েছে। | নভেম্বর, ২০২৩ মাসের সকল বিবরণী/ প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ ও সকল পত্র যথাসময়ে নিষ্পত্তি করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উপ-পরিচালক (প্রশাসন শাখা)<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| ৪। | <u>**হিসাব শাখার যাবতীয় কার্যক্রমঃ**</u><br>সভায় হিসাব শাখার মাসিক বিবরণী/প্রতিবেদন-এর বিষয়ে জানতে চাওয়া হলে সহকারী পরিচালক (হিসাব) জনাব রুবেল হোসেন সভাকে জানান, হিসাব শাখার অক্টোবর, ২০২৩ মাসের মাসিক বিবরণী/প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণ করা হয়েছে। যথাসময়ে প্রতিবেদন প্রেরণের জন্য সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | নভেম্বর ২০২৩ মাসের আর্থিক বিবরণী, প্রতিবেদনসমূহ নির্ধারিত তারিখের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উপ-পরিচালক (বাজেট ও হিসাব শাখা)<br>২। সহকারী পরিচালক (হিসাব শাখা) |
| ৫। | <u>**বিপিআই-এর শূন্যপদে নিয়োগ সংক্রান্তঃ**</u><br>বিপিআই-এর শূন্য পদে কর্মকর্তা/কর্মচারী নিয়োগ সম্পর্কে জানতে চাওয়া হলে সহকারী পরিচালক (প্রশাসন) জানান নতুন সৃষ্ট শূন্য পদের বিপরীতে ছাড়পত্র সংগ্রহের জন্য চিঠি প্রেরণের প্রেক্ষিতে ইতোমধ্যে ছাড়পত্র পাওয়া গেছে। বোর্ড সভায় কমিটির অনুমোদন স্বাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। অনুমোদন এর নিমিত্ত বোর্ড সভায় উপস্থাপনের জন্য সভার সভাপতি নির্দেশ প্রদান করেন। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন শাখা) জনাব মোঃ আব্দুল্লাহ আল নোমান জানান, অফিস সহায়ক পদটি আউটসোর্সিং এ অন্তর্ভুক্ত করার জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে প্রবিধানমালা সংশোধনের জন্য চিঠি প্রেরণ করা হয়েছে। | (ক) বোর্ড সভার অনুমোদন এর পরবর্তী কার্যক্রম খুব দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উপ-পরিচালক (প্রশাসন শাখা)<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)<br>৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন শাখা) |
| ৬। | <u>**প্রশিক্ষণ শাখার যাবতীয় কার্যক্রমঃ**</u><br>সভায় অক্টোবর, ২০২৩ মাসে অনুষ্ঠিত প্রশিক্ষণ কার্যক্রম এর অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ আসিফ পারভেজ জানান, বিপিআই-এ অক্টোবর মাসে মোট ৩টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে মোট ৬৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। একই সাথে চতুর্থ বুনিয়াদি প্রশিক্ষণ চলমান রয়েছে। প্রশিক্ষণ সফলভাবে সম্পন্নের জন্য সংশ্লিষ্ট সকল সংস্থাগুলোর সাথে যোগাযোগ করে প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে মর্মে মহাপরিচালক অভিমত ব্যক্ত করেন। | ক.সকল প্রশিক্ষণ, কর্মশালা ও অনুমোদিত প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী যথাসময়ে আয়োজন করতে হবে।<br>খ. সকল প্রতিষ্ঠানে টেলিফোন যোগাযোগ করে প্রশিক্ষাণার্থী প্রেরণের জন্য অনুরোধ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ)<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ) |
| ৭। | **প্রদেয় ভবিষ্য তহবিলের অগ্রগতিঃ**<br>বিপিআই-এর কর্মকর্তা/কর্মচারীদের ভবিষ্য তহবিলের সংক্রান্ত বিষয়ের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে এ বিষয়ে হিসাব শাখা থেকে জানানো হয় যে, প্রদেয় ভবিষ্য তহবিল এর কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে। প্রদেয় ভবিষ্য তহবিলের ফান্ডে অর্থ সঠিক সময়ে জমা দিতে সভার সভাপতি নির্দেশ প্রদান করেন। | (ক) প্রদেয় ভবিষ্য তহবিলের ফান্ডিং কার্যক্রম যথাযথ নিরীক্ষণ করতে হবে।<br>(খ) প্রদেয় ভবিষ্য তহবিলের নাম সঙ্কোচনকরণের (ব্যাংক ব্যবহারের নিমিত্ত) জন্য বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উপ-পরিচালক (বাজেট ও হিসাব শাখা)<br>২। সহকারী পরিচালক (হিসাব শাখা) |

| | | | |
|---|---|---|---|
| ৮। | **গবেষণা সংক্রান্তঃ**<br>গবেষণা সংক্রান্ত কার্যক্রম এর অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে বিপিআই-এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব এ.এস.এম মেহেদি হাসান জানান, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগ-এর সাথে বিগত ১২/১১/২০২৩ তারিখ MoU চুক্তি স্বাক্ষরিত হয়। সভার সভাপতি এই ব্যাপারে কার্যক্রম এবং গবেষণার অগ্রগামীতার ফলাফল দ্রুত সময়ে বাস্তবায়নের নির্দেশ প্রদান করেন। | (ক) MoU চুক্তির সাপেক্ষে গবেষণা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা । |
| ৯। | **রাজস্ব খাতে অন্তর্ভুক্তিকরণঃ**<br>বিপিআই-কে রাজস্ব খাতে অন্তর্ভুক্তিকরণ করার জন্য সমজাতীয় রাজস্ব খাতে অন্তর্ভুক্ত প্রতিষ্ঠান এনএপিডি-তে গমন ও আলোচনা করার জন্য বিপিআই-এর কর্মকর্তা জনাব মোঃ আবুল বাসার, উপ-পরিচালক এবং জনাব আব্দুল্লাহ-আল-নোমান, বৈজ্ঞানিক কর্মকর্তা-কে সভার সভাপতি নির্দেশ প্রদান করেন। একই সাথে কর্মচারী কল্যাণ তহবিল-এ বিপিআই-কে অন্তর্ভুক্ত করার জন্য বিপিআই-এর কর্মকর্তা জনাব মোঃ আবুল বাসার, উপ-পরিচালক এবং জনাব রুবেল হোসেন, সহকারী পরিচালক-কে সভাপতি নির্দেশ প্রদান করেন। | (ক) ৭/১২/২০২৩ তারিখের মধ্যে এনএপিডি-এর সাথে যোগাযোগ করতে হবে।<br>(খ) কর্মচারী কল্যাণ তহবিল-এ বিপিআই-কে অন্তর্ভুক্ত করার জন্য ১০/১২/২০২৩ তারিখের মধ্যে কার্যক্রম শুরু করতে হবে। | ১। উপ-পরিচালক (প্রশাসন শাখা)<br>২। সহকারী পরিচালক (হিসাব শাখা)<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন শাখা) |
| ১০। | **Strengthening Of BPI:**<br>ডরমেটরি, ল্যাব, ক্লাস রুম সুবিধা বাড়ানোর লক্ষ্যে বিপিআই বর্তমান বিল্ডিং এর পেছনে ১০ তলা একটি বিল্ডিং এর প্রকল্প গ্রহণ করার জন্য বিপিআই-সকল কর্মকর্তা আলোচনা ও সুপারিশ করেন। | (ক) একটি PDPP/TPP প্রস্তুত করতে হবে। PDPP/TPP প্রস্তুত এর ক্ষেত্রে বিশেষজ্ঞের সাহায্য গ্রহণ করতে হবে। | ১। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ)<br>২। উপ-পরিচালক (প্রশাসন শাখা)<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা) |
| ১১। | **সাংগঠনিক কাঠামো সংক্রান্তঃ**<br>সাংগঠনিক কাঠামোর চেকলিষ্ট এখন অবধি সম্পন্ন না করায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ডিসেম্বর/২৩ এর মধ্যে এই চেকলিষ্ট সম্পন্ন করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) ডিসেম্বর/২৩ এর মধ্যে চেকলিষ্ট এর কার্যক্রম সম্পন্ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। অন্য কোন প্রতিষ্ঠানের সাহায্য প্রয়োজন হলে তা দ্রুত নিতে হবে। | ১। উপ-পরিচালক (প্রশাসন শাখা)<br>২। সহকারী পরিচালক (গ্রন্থগার শাখা)<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা) |

৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭-১১-২০২৩
খেনচান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
+৮৮০২৮৯৩৩৩৩৪ (ফোন)
+৮৮০২৮৯৩৩৩৩৬ (ফ্যাক্স)
dg@bpi.gov.bd

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৪.০০০০.০০৩.০৬.০০১.২৩.১১৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
২। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৩। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৪। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৫। উপপরিচালক, সাধারণ প্রশাসন অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৬। বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৭। বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন,প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৮। বৈজ্ঞানিক কর্মকর্তা, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৯। বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং,আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
১০। বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
১১। সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
১২। সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
১৩। সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এবং
১৪। সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

২৭-১১-২০২৩
খেনচান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)